

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
Web: www.mohfw.gov.bd
(পার-৩ শাখা)

নং-৪৫.১৪৪.০৮০.০০.০০.০০২.২০১৪-৩৮

তারিখ: ১৭-০১-২০১৬ ইং


বিষয় : বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার / স্বাস্থ্য সার্ভিসের জুনিয়র কনসালট্যান্ট পদে পদোন্নতির লক্ষ্যে ক্লিনিক্যাল বিষয় সমূহকে জুনিয়র কনসালট্যান্ট-এর ১৪টি বিষয়ের অন্তর্ভুক্ত করে ডিপিসি সভায় উপস্থাপনের নিমিত্ত ২০১৪ সালের এসিআর-এর তথ্য সম্বলিত সভার কার্যপত্র প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাম্প্রতিকালে মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার / স্বাস্থ্য সার্ভিসের জুনিয়র কনসালট্যান্ট পদে পদোন্নতির লক্ষ্যে ক্লিনিক্যাল বিষয় সমূহকে জুনিয়র কনসালট্যান্ট-এর ১৪টি বিষয়ের অন্তর্ভুক্ত করে পদোন্নতি প্রদানে নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

এমতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত অনুযায়ী পদোন্নতি প্রদানের লক্ষ্যে ডিপিসি সভায় উপস্থাপনের নিমিত্ত ২০১৪ সালসহ পূর্ববর্তী ৫ বছরের তথ্য সম্বলিত সভার কার্যপত্র জরুরীভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

পদোন্নতির শর্তাবলীঃ

- ১। চাকুরী স্থায়ীকরণ
- ২। সিনিয়র স্কেল পরীক্ষায় উত্তীর্ণ
- ৩। চাকুরীর সময়কাল ৪ বছর।
- ৪। সংশ্লিষ্ট বিষয়ে পোস্ট গ্রাজুয়েশন ডিগ্রী।



নুরুনহার
সিনিয়র সহকারী সচিব
ফোন নং ৯৫৪৯১২৮

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানান হলো।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪. যুগ্ম-সচিব (পার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।